

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি : পাপিয়া আক্তার
 উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, বাসাইল, টাঙ্গাইল।
 তারিখ ও সময় : ২৪ আগস্ট ২০২৩ ও বেলা ১২.১৫ ঘটিকা।
 উপস্থিতি : সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নলিখিত ভাবে সভায় আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	বাল্যবিবাহ সংক্রান্ত ইউনিয়ন/পৌর কমিটি গঠন সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গত জুলাই/২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌর ও ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠন করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত থাকলেও কোন কমিটির তালিকা পাওয়া যায়নি।	১.১ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ বরাবর বাল্যবিবাহ নিরোধ বিধিমালার গেজেটের কপি প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১.২ সেপ্টেম্বর-২৩ মাসের মধ্যে পৌরসভা এবং ইউনিয়ন হতে কমিটি গঠন করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল। ০২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল ০২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০২	বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত	জুলাই/২৩ মাসে বাসাইল উপজেলায় বাল্যবিবাহ অনুষ্ঠানের কোন তথ্য পাওয়া যায়নি।	২.১ বাসাইল উপজেলার কোথাও বাল্যবিবাহ সংঘটিত হলে তা সর্বাপ্রাে বন্ধ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. কমিটির সকল সদস্য, বাসাইল, টাঙ্গাইল।
০৩.	সচেতনতামূলক কার্যক্রম সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আরও জানান যে, তার দপ্তর থেকে জুলাই/২৩ মাসে ০৩ টি উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহের কুফল এবং বাল্যবিবাহের আইন সম্পর্কে সর্বস্তরের জনগণকে সচেতন করা হচ্ছে এবং ১০৯/৩৩৩ নম্বর সকলকে অবগত করানো হচ্ছে।	৩.১ কমিটির সকল সদস্যকে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ৩.২ ১০৯ ও ৩৩৩ টোল ফ্রি হেল্প লাইন নম্বর ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. কমিটির সকল সদস্য, বাসাইল, টাঙ্গাইল।

সভাপতি উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বাসাইল উপজেলার কোথাও বাল্যবিবাহ সংঘটিত হলে উপজেলা প্রশাসনকে অবগত করানোর জন্য অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(Handwritten signature)


 পাপিয়া আক্তার
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি


উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি

স্মারক নং- ৩২.০১.৯৩০৯.০০০.০৬.০১৪.২২.২৬৭

তারিখ: ২৪/০৮/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
- ০৩। মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
- ০৫। অফিসার ইনচার্জ, বাসাইল থানা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৬। উপজেলাকর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।
- ০৭। চেয়ারম্যান, ফুলকী/বাসাইল সদর/হাবলা/কাশিল/কাঞ্চনপুর/কাউলজানী ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
- ০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... বাসাইল, টাঙ্গাইল।
- ০৯। সভাপতি, নিকাহ রেজিস্ট্রার সমিতি/পুরোহিত সমিতি, বাসাইল, টাঙ্গাইল।
- ১০। উপজেলা ব্যবস্থাপক, ব্রাক/এসএসএস, বাসাইল, টাঙ্গাইল।
- ১১। জনাব রেজাউল করিম, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, বাসাইল, টাঙ্গাইল।
- ১২। সভানেত্রী, দেউলী জাগরণী মহিলা কল্যাণ সমিতি, গ্রাম: দেউলী, পো: দেউলী, বাসাইল, টাঙ্গাইল।
- ১৩। হাসিবুল হাসান সাদিক, শ্রেণি....., বাসাইল গোবিন্দ সরকারি উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
- ১৪। জান্নাত আরা জুঁথী, শ্রেণি....., বাসাইল বালিকা উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
- ১৫। অফিস নথি।


কণিকা মল্লিক

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
বাসাইল, টাঙ্গাইল।